ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩২৫০

আগরতলা,১৫ অক্টোবর,২০২৫

**রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমে সম্পূর্ণ বিনামূল্যে সফল অস্ত্রোপচারে সুস্থ হয়ে উঠলেন ১২ বছরের এক কিশোরী**



রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মাধ্যমে সম্পূর্ণ বিনামূল্যে অস্ত্রোপচারে সুস্থ ও স্বাভাবিক অবস্থায় ফিরে এসেছে ১২ বছর বয়সী এক কিশোরী। উত্তর জেলার পানিসাগর আর ডি ব্লকের অধীন জলেবাসা গ্রামের পানিসাগর সামাজিক স্বাস্থ্য কেন্দ্রের অর্ন্তগত রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রম এর একটি ভ্রাম্যমাণ মেডিক্যাল টিম স্থানীয় ৩২ দ্রোন জুনিয়র বেসিক বিদ্যালয়ে পরিদর্শনে যান। পরিদর্শন কালে রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের স্বাস্থ্যকর্মীরা এই বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়ে এক স্ক্রিনিং কর্মসূচি করেন। উক্ত স্ক্রিনিং কর্মসূচিতে এলাকার এক বাসিন্দার ১২ বছর কন্যার হৃদযন্ত্রে সমস্যার ব্যাপারে আঁচ করেন। তখন পানিসাগর সামাজিক স্বাস্থ্য কেন্দ্রের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মেডিক্যাল টিম কিশোরীটির পরিবারের সাথে য়োগায়োগ করেন এবং উন্নত চিকিৎসার পরামর্শ দেন। পানিসাগর সামাজিক স্বাস্থ্য কেন্দ্রের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মেডিক্যাল টিম কিশোরীটিকে গত ৯ সেপ্টেম্বর, ২০২৫ আগরতলায় আইজিএম হাসপাতালে রেফার করেন। রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের অধীন আইজিএম হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ গোপা চ্যাটার্জী কিশোরীটির ইকোকার্ডিওগ্রাফি করেন। আর এই ইকোকার্ডিওগ্রাফি রিপোর্টের ভিত্তিতেই চিকিৎসক জানান শিশুটির হৃদযন্ত্রে সমস্যা আছে এবং অস্ত্রোপচারের মাধ্যমে সুস্থ করতে হবে। কিন্তু কিশোরীটির পিতা ছিলেন একজন দিন মজুর এবং মা ছিলেন একজন গৃহিণী, কঠিন আর্থিক সংকটে তাদের দিন কাটাতো। পরিবারটির আর্থিক অবস্থা সচ্ছল না থাকায়, এই ব্যয়সাধ্য অস্ত্রোপচারের খরচ বহন করা তাদের পক্ষে সম্ভব ছিল না। তখন পানিসাগর সামাজিক স্বাস্থ্য কেন্দ্রের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের (আরবিএসকে) টিম কিশোরীটিকে চেন্নাই অ্যাপেলো চিলড্রেনস হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করেন। গত ২০ সেপ্টেম্বর, ২০২৫, কিশোরীকে অস্ত্রোপচারের জন্য চেন্নাই অ্যাপেলো চিলড্রেনস হাসপাতালে ভর্তি করানো হয়। গত ২৪ সেপ্টেম্বর, ২০২৫ এই হাসপাতালের হৃদরোগ বিশেষজ্ঞ চিকিৎসক ও অভিজ্ঞ সার্জেনদের তত্ত্বাবধানে শিশুটির সম্পূর্ণ বিনামূল্যে হৃদযন্ত্রে সফলভাবে অস্ত্রোপচার সম্পন্ন করেন। এরপর কিশোরীটি সম্পুর্ণ সুস্থ হয়ে উঠলে গত ৩ অক্টোবর, ২০২৫, অ্যাপোলো চিলড্রেনস হাসপাতাল থেকে তাকে ছুটি দিয়ে দেওয়া হয়। এরপর কিশোরীটিকে সুস্থ করে রাজ্যে ফিরে আনা হয়। কিশোরীটির পিতা তাদের মেয়ের প্রাণনাশের মতো জটিল অসুখের চিকিৎসায় সম্পূর্ণ বিনামূল্যে হৃদযন্ত্রের অস্ত্রোপচারের মতো সহায়তা পেয়ে রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের রাজ্য কর্তৃপক্ষ এবং পানিসাগর সামাজিক স্বাস্থ্য কেন্দ্রের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের টিম সহ অন্যান্য স্বাস্থ্যকর্মীদের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছেন। কিশোরীটি সুস্থ ও স্বাভাবিক অবস্থায় ফিরে আসায় তার পিতা-মাতা সহ পরিবারে অন্য সদস্যরা অত্যন্ত খুশি ও আনন্দিত। স্বাস্থ্য দপ্তর থেকে এ সংবাদ জানানো হয়েছে।

*****